# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৭**

**সময়: ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

**১.▶** শান্তা একাদশ শ্রেণিতে মানবিক বিভাগের ছাত্র। ইসলামের ইতিহাস ও সংস্কৃতির বিষয়ে পাঠদানকালে শিক্ষক ক্লাসে মেসোপটেমীয় সভ্যতা সম্পর্কে আলোচনা করেছেন। শান্তা মেসোপটেমীয় অঞ্চল সম্পর্কে জানতে চাইলে শিক্ষক টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মধ্যবর্তী অঞ্চলটি মানচিত্রে দেখিয়েছেন। এ প্রসঙ্গে তিনি জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রে বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতার অবদান সম্পর্কেও ধারণা দিয়েছেন।

ক. 'আইয়ামে-ই-জাহেলিয়া' শব্দের অর্থ কী? ১

খ. কোন প্রাণীকে এবং কেন 'মরুভূমির জাহাজ' বলা হয়? ২

গ. কিউনিফরম পদ্ধতিতে কীভাবে মনের ভাব প্রকাশ করা হত? ৩

ঘ. বিশ্বের সর্বপ্রাচীন সভ্যতা বিশ্ব সভ্যতায় অবদান রেখেছে -- কথাটি মূল্যায়ন কর। ৪

**২.▶** রাহাত একজন যোদ্ধা। যুদ্ধের পর বাড়ি ফিরে এসে সে ছোট বোন নিপার কাছে যুদ্ধের কথা বর্ণনা করছিল। যুদ্ধে তাদের অনেক ক্ষতি হয়েছিল। কয়েকজন যোদ্ধা মারা গিয়েছিল। নিপা এর কারণ জানতে চাইলে রাহাত বলল আসলে তাদের রণকৌশল ঠিকই ছিল, কিন্তু প্রথম দিকে কয়েকজন শত্রু সৈন্য মারা যেতে দেখে তারা কমান্ডারের নির্দেশ ভুলে গিয়ে প্রকাশ্যে চলে এসেছিল। অবশ্য পরে আর কখনও তারা এমন ভুল করেনি।

ক. বদরের যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল? ১

খ. হিজরত ও স্বদেশ ত্যাগের মধ্যে পার্থক্য কী? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন যুদ্ধের কী মিল খুঁজে পাও? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার সাথে তোমার পঠিত গ্রন্থে উল্লিখিত যুদ্ধ থেকে কী শিক্ষা গ্রহণ করা হয়েছে? আলোচনা কর। ৪

**৩.▶** জনাব রায়হান তাঁর গোত্রের তৃতীয় নেতা। প্রায় এক যুগ গোত্র পরিচালনার পর তিনি বিদ্রোহীদের চক্রান্তে নিহত হন। তাঁর মৃত্যুর কারণ হিসেবে গোত্রীয় কলহ ও স্বার্থান্ধ লোকের বিরোধিতা প্রভৃতি চিহ্নিত হয়। তাঁর মৃত্যু ছিল গোত্রীয় গণতন্ত্রের মৃত্যু ও গৃহযুদ্ধের বিপদ সংকেত।

ক. 'ফারুক' কার উপাধি ছিল? ১

খ. আবুজর গিফারী (রা.) সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রায়হানের সাথে হযরত ওসমান (রা.) এর মৃত্যুর সাদৃশ্যপূর্ণ কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. 'হযরত ওসমান (রা.) এর হত্যা ছিল মুসলমানদের জন্য এক বিপদ সংকেত'-- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪.▶ 'ক' রাষ্ট্রের জনৈক শাসনকর্তা ক্ষমতা গ্রহণের পর শাসনব্যবস্থার সুবিধার্থে প্রাদেশিক গভর্নর পদে নতুন ব্যক্তিদের নিয়োগ দিলে প্রদেশের পূর্ববর্তী গভর্নরগণ শাসনকর্তার সাথে বিরোধে জড়িয়ে পড়েন। এ বিরোধের ফলে বিভিন্ন দলের অভ্যুদয় ঘটে।

ক. ইসলামের ইতিহাসে সর্বপ্রথম গৃহযুদ্ধ কোনটি? ১

খ. 'যুন-নুরায়েন' কাকে বলা হয় এবং কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' অঞ্চলের শাসনকর্তার সাথে খোলাফায়ে রাশেদিনের কোন খলিফার সাদৃশ্য পাওয়া যায় — ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে খোলাফায়ে রাশেদিনের পরিসমাপ্তি বিশ্লেষণ কর। ৪

৫.▶ আবু জাফর আল মনসুর ছিলেন ভারতবর্ষে আব্বাসীয় সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা। তিনি ভারতে একটি সুগঠিত কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। এজন্য তিনি দক্ষতার সাথে প্রশাসনের সকল ক্ষেত্রে সংস্কার সাধন করেন। তিনি প্রচলিত মুদ্রামানেরও সংস্কার করেন।

ক. উমাইয়া খিলাফতের প্রকৃত প্রতিষ্ঠাতা কাকে বলা হয়? ১

খ. খলিফা আব্দুল মালিক কীভাবে শাসনব্যবস্থা আরবিকরণ করেন? ২

গ. উদ্দীপকের উল্লিখিত সুলতানের সাথে কোন উমাইয়া খলিফার সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শাসন সংস্কার এর আলোকে খলিফা আব্দুল মালিকের শাসন সংস্কার — ব্যাখ্যা কর। ৪

৬.▶ করিম মিয়া সুখপুর ইউনিয়নের চেয়ারম্যান। জনদরদি একজন প্রতিনিধি ইউনিয়ন বাসীর অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য ছদ্মবেশে ইউনিয়ন ভ্রমণ করতেন। জনসাধারণের সর্ববিধ উন্নতি বিধান এবং স্বার্থ সংরক্ষণে তার উপজেলায় কোনো চেয়ারম্যানই তার মতো যত্নবান ছিলেন না।

ক. আল-মামুন কত খ্রিষ্টাব্দে আব্বাসি খিলাফত লাভ করেন? ১

খ. আল-মনসুরকে আব্বাসি খিলাফতের প্রতিষ্ঠাতা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে করিম সাহেবের মধ্যে আব্বাসি খলিফা হারুন-অর-রশীদ এর কোন চারিত্রিক গুণাবলি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রকাশিত চারিত্রিক বৈশিষ্ট্য ছাড়াও খলিফা হারুন-অর-রশীদ নানা গুণের অধিকারী ছিলেন — পাঠ্যপুস্তকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ ইসলামের ইতিহাসের শিক্ষক জনাব মোঃ জসিম উদ্দিন শ্রেণিকক্ষে জনৈক আব্বাসি খলিফা সম্পর্কে আলোচনা করছিলেন। তিনি বলেন যে, তাঁর সময়কাল ছিল খিলাফতের ইতিহাসের গৌরবোজ্জ্বল অধ্যায়। কারণ এ যুগেই

Teachingbd.com

ইসলামের ইতিহাসের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বুদ্ধি বৃত্তির জাগরণ ও চিন্তাধারার বিকাশ লাভ করে। শিক্ষক আরও বলেন যে, তাঁর রাজত্বকালকে রোম সম্রাট অগাস্টানের শাসনামলের সাথে তুলনা করা হয় এবং এ সময়কে ইসলামি সভ্যতার স্বর্ণযুগও বলা হয়।

ক. 'আস-সাফফাহ' অর্থ কী? ১

খ. বায়তুল হিকমা সম্পর্কে লেখ। ২

গ. জনাব মোঃ জসিম উদ্দিন বর্ণিত খলিফার সাপ্তাহিক শিক্ষালোচনার বৈঠক সম্পর্কে ধারণা দাও। ৩

ঘ. উদ্দীপকের আলোচ্য খলিফার রাজত্বকাল রোম সম্রাট অগাস্টান শাসনামলের তুলনায় যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**৮.▶** দক্ষিণাঞ্চলে একটি ধর্মীয় সম্প্রদায়ের আক্রমণে সাদিক বিন আজিজ বার বার জর্জরিত হয়েছেন। অভ্যন্তরীণ বিভিন্ন গোলযোগ ও কলহ তাকে মোকাবিলা করতে হয়েছে। একটি গোত্রের পেনসিলভা জয়ের আশায় তাকে ধুলিসাৎ করতে হয়েছে। এতসবের পরেও তার সুশাসনে দেশের সর্বত্র শান্তি ও সমৃদ্ধি বিরাজ করত। নলযোগে পানি সরবরাহ, পতিতাবৃত্তি বিলোপ, নামে মাত্র নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রয়ের ফলে জনসাধারণে জীবনমানের অভূতপূর্ব উন্নতি পরিলক্ষিত হয়। তিনি স্বীয় নামে মুদ্রাও প্রচলন করেন।

ক. প্রথম আব্দুর রহমান কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন? ১

খ. প্রথম আব্দুর রহমানকে আরবদের বাজপাখি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে আজিজ ও স্পেনের উমাইয়া শাসক তৃতীয় আব্দুর রহমানের কৃতিত্বের সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চরিত্র ও কৃতিত্ব আব্দুর রহমানের গুণাবলির আংশিক প্রতিফলন মাত্র — তোমার পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

**৯.▶** ঐতিহাসিক ইবনে খালদুনের মতে, প্রত্যেক রাজবংশকেই উত্থান, চরম উন্নতি ও পতন প্রত্যক্ষ করতে হয়। এটা প্রকৃতির অনিবার্য নিয়তি। প্রত্যেক রাজবংশই চরম উন্নতির পর আস্তে আস্তে পতনের দিকে যাত্রা করে। ইসলামের ইতিহাসেও আমরা এর সত্যতা দেখতে পাই। উত্থান-পতনের এ ধারাবাহিকতায় মানবসমাজ চরম উৎকর্ষতার দিকে ধাবিত হয়।

ক. কোন ফাতেমীয় খলিফার রাজত্বকালকে 'চরমোন্নতির যুগ' বলা হয়? ১

খ. দারুল হিকমা সম্পর্কে তোমার নিজের ভাষায় বর্ণনা কর। ২

গ. ইবনে খালদুনের বিখ্যাত তত্ত্বটি ফাতেমীয় খিলাফতের প্রেক্ষিতে প্রয়োগ কর। ৩

ঘ. ফাতেমীয় খিলাফতে চরমোন্নতির যুগকে মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময় : ৪০ মিনিট — পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

---

১. **আরবের তিনদিকে কী?**
(ক) জলরাশি (খ) মরুভূমি
(গ) পর্বতমালা (ঘ) মালভূমি

২. **মুসলমানদের আবিসিনিয়ায় হিজরতের সময়ে সেখানকার রাজ কে ছিলে?**
(ক) আবরাহা (খ) নাজ্জাসি
(গ) খসরু (ঘ) গাসসানি

৩. **পিরামিড নির্মাণর মূল্য উদ্দেশ্য কী?**
(ক) ঐশ্বর্য প্রদর্শন (খ) মৃতদেহ সংরক্ষণ
(গ) বিপদে আশ্রয় গ্রহণ (ঘ) শাসনকার্য পরিচালনা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজমহলের একজন জমিদার খুব জনদরদী ছিলেন। এতে একটি সম্প্রদায় তাঁকে ভগবানের অবতার বলে পূজা করতে চাইল। তিনি এই সম্প্রদায়কে কঠোর হস্তে দমন করলেন।

৪. **উদ্দীপকে উল্লিখিত জমিদারের মতো কোন আব্বাসীয় খলিফা এরূপ পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন?**
(ক) আবুল আব্বাস (খ) আল মনসুর
(গ) হারুন অর রশিদ (ঘ) আল মামুন

৫. **উক্ত খলিফার পূজা গ্রহণে অস্বীকৃতির কারণ ছিল-**
(ক) ধর্ম-ভীরুতা (খ) সমর কৌশল
(গ) রাজনৈতিক প্রজ্ঞা (ঘ) কূটনৈতিক কৌশল

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**
হাসেম সাহেব এলাকার প্রভাবশালী ব্যক্তি। তার এলাকার বিচার ও সালিশ পরিচালনার জন্য করিম সাহেব রাজি হয়নি। এজন্য হাসেম সাহেব তাঁর পোষা সন্ত্রাসীদের দ্বারা করিম সাহেবকে নির্যাতন করেন।

৬. **হাসেম সাহেবকে খলিফা মনসুরের সাথে তুলনা করলে করিম সাহেবের ক্ষেত্রে কার নাম আসে?**
(ক) ইমাম আবু হানিফার (খ) ইমাম শাফেয়ীর
(গ) ইমাম মালিকের
(ঘ) ইমাম আহম্মদ ইবনে হাম্বল

৭. **আল মনসুরের আমলে ইমাম আবু হানিফার জীবনের সাথে জড়িত তথ্য-**
i. তিনি বাগদাদের কাজির পদ প্রত্যাখ্যান করেন
ii. তিনি মনসুরের আমলে বন্দি হয়েছিলেন
iii. তিনি মনসুরের প্রধান উপদেষ্টা ছিলেন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮. **বদর ছিলেন প্রথম আবদুর রহমানের-**
(ক) ভৃত্য (খ) সেনাপতি
(গ) সভাকবি (ঘ) উজির

৯. **বায়তুল হিকমা শব্দের অর্থ কী?**
(ক) জ্ঞান গৃহ (খ) জ্ঞান বৃক্ষ
(গ) জ্ঞান সমুদ্র (ঘ) জ্ঞন সংকলন

১০. **ক্রুসেড শব্দের অর্থ কী?**
(ক) সংগ্রাম (খ) সমস্যা
(গ) গৃহ যুদ্ধ (ঘ) ধর্ম যুদ্ধ

১১. **আব্বাসীয় বংশ কত বছর স্থায়ী হয়েছিল?**
(ক) ৩০০ বছর (খ) ৪০০ বছর
(গ) ৫০০ বছর (ঘ) ৬০০ বছর

১২. **আল আজহার বিশ্ববিদ্যালয় সূচনালগ্নে কী ছিল?**
(ক) বিদ্যালয় (খ) মাদ্রাসা
(গ) মসজিদ (ঘ) পাঠাগার

১৩. **উমাইয়া বংশের সর্বশেষ কর্মদক্ষ খলিফা কে?**
(ক) ওয়ালিদ (খ) ২য় ওমর
(গ) হিশাম (ঘ) ২য় ইয়াজিদ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. রাও ক্ষমতা লাভ করে একজন মন্ত্রী নিযুক্ত করেন। পরবর্তীতে এই মন্ত্রীর যশ ও সুনাম চারদিকে ছড়িয়ে পড়ে। তিনি একটি বিখ্যাত মাদ্রাসা প্রতিষ্ঠা করেন, পঞ্জিকা তৈরি করেন এবং প্রশাসনের উপর একটি বই লিখেন।

১৪. **উদ্দীপকের মন্ত্রীর সাথে সেলজুক বংশের কোন মন্ত্রীর মিল রয়েছে?**
(ক) ফজল-বিন-সহল (খ) ফজল-বিন-রাবী
(গ) নিযামুল মুলক (ঘ) হাসান-বিন-সাবাহ

১৫. **উক্ত মন্ত্রীর কর্মকাণ্ডের ফলে-**
(ক) সেলজুক শাসন গৌরবের চরম শেখরে উঠে
(খ) সেলজুকদের পতন হয়
(গ) হাসান-বিন সাবার পতন হয়
(ঘ) বার্মাকীদের পতন হয়

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
হাসিন আবদুল্লাহ উচ্চ শিক্ষার জন্য মিসরের আল আযহার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করতে যান। তিনি জানতে পারেন একজন ফাতেমীয় খলিফা প্রথম আল আজহার মসজিদ নির্মাণ করেন। যা পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। তাছাড়া ঐ শাসকের রাজস্ব নীতিও ছিল জনকল্যাণমুখী ও প্রশংসনীয়।

১৬. **উদ্দীপকে কোন ফাতেমীয় খলিফার কৃতিত্ব প্রকাশিত হয়েছে?**
(ক) আল মাহদী (খ) আল মুইজ
(গ) আল মনসুর (ঘ) আল আজিজ

১৭. **উক্ত খলিফার রাজস্বনীতিও ছিল প্রশংসনীয়, কারণ-**
i. এটি ছিল প্রাচীন প্রথা মুক্ত
ii. হয়রানি মুক্ত
iii. রাজস্বের পরিমাণ ছিল কম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. **মোঙ্গল বাহিনী আব্বাসীয়দের উপর কতদিন অবরোধ চালায়?**
(ক) ৩০ দিন (খ) ৪০ দিন
(গ) ৫০ দিন (ঘ) ৬০ দিন

১৯. **আল মুইজকে ফাতেমীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয় কেন?**
(ক) তিনি ফাতেমীয় বংশের প্রথম খলিফা
(খ) জ্ঞান বিজ্ঞানের পৃষ্ঠপোষকতার জন্য
(গ) মক্কা মদিনায় আধিপত্য বিস্তারের জন্য
(ঘ) সাম্রাজ্যে সুশাসনের জন্য

২০. **দারুল হিকমা প্রতিষ্ঠার কারণ ছিল-**
(ক) শিয়া মতবাদ প্রচার ও প্রসার করা
(খ) যুদ্ধ বিদ্যার প্রশিক্ষণ দেয়া
(গ) নাচ-গানের প্রশিক্ষণ দেয়া
(ঘ) রাজোচিত শিষ্টাচার শেখানো

২১. **আরব উপদ্বীপের আয়তন কত?**
(ক) ১০,২৭০০০ বর্গমাইল
(খ) ১০,২৮০০০ বর্গমাইল
(গ) ১০,২৯০০০ বর্গমাইল
(ঘ) ১০,৩০০০০ বর্গমাইল

http://teachingbd.com

২২. আসাবিয়া কী?
ক) যাযাবার আরবদের গোত্রের মূলমন্ত্র
খ) প্রাচীন আরবদের বৃহৎ জনগোষ্ঠী
গ) প্রাচীন আরবের ক্ষুদ্র জনগোষ্ঠী
ঘ) প্রাচীন আরবীয় বাসিন্দা

২৩. সুমেরীয়দের প্রধান ধর্মমন্দিরকে কী বলা হতো?
ক) জিগুরাত  খ) গান্নার
গ) শামস্  ঘ) ইনানা

২৪. রিপনের আচরণ কোন সময়ের সাথে তুলনীয়?
ক) খুলাফায়ে রাশেদিনের যুগ
খ) জাহেলিয়া যুগ  গ) উমাইয়া যুগ
ঘ) আব্বাসীয় যুগ

২৫. আরব সমাজে নারী ছিল-
i. অবহেলিত  ii. অত্যাচারিত
iii. অধিকার বঞ্চিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
'X' নামক একজন সম্ভ্রান্ত মহিলা ব্যবসা পরিচালনা করতেন। ব্যক্তিত্বের জন্য স্থানীয় লোকজন তাকে তাহিরা বলে ডাকত। পরবর্তীতে তিনি সৎ চরিত্রবান এবং অল্প বয়স্ক একজন কর্মচারীকে বিয়ে করেন।

২৬. উদ্দীপকের সম্ভ্রান্ত মহিলা কোন চরিত্রকে নির্দেশ করছে?
ক) বিবি আমিনা  খ) বিবি খাদিজা
গ) বিবি হালিমা  ঘ) বিবি আয়েশা

২৭. উক্ত মহিলাকে তাহিরা বলার যথার্থ কারণ-
i. তিনি অপরূপ সুন্দরী ছিলেন
ii. নিষ্কলুষ চরিত্রের অধিকারী ছিলেন
iii. সফল ব্যবসায়ী ছিলেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৮. হযরত আবু বকর (রা.) কুরআনের বাণীসমূহ পুস্তকাগারে লিপিবদ্ধ করার প্রয়োজনীয়তা অনুভব করেন কেন?
ক) ইয়ামামার যুদ্ধে অনেক কুরআনে হাফিজ শহিদ হওয়ার কারণে
খ) কুরআনের আয়াত ভুলে যাবার আশঙ্কায়
গ) ভণ্ড নবিদের উৎপাত বৃদ্ধি পাওয়ায়
ঘ) বিভিন্ন ভাষার সংমিশ্রণে কুরআনের আয়াত বিকৃত হওয়ার আশঙ্কায়

২৯. মিসর বিজয়ী মুসলিম সেনাপতির নাম কী?
ক) খালিদ বিন ওয়ালিদ  খ) আবু ওবায়দা
গ) আমর-বিন আল আস
ঘ) সাদ-বিন-আবি ওয়াক্কাস

৩০. হযরত ওমর (রা) জেরুজালেম যান কেন?
ক) জেরুজালেম দখল করার জন্য
খ) খ্রিস্টান মুসলমানদের মধ্যে যুদ্ধ বিরতির জন্য
গ) জেরুজালেমের নিরাপত্তার জন্য
ঘ) খ্রিস্টানদের সাথে সন্ধি করার জন্য

৩১. ঐতিহাসিক P.K হিট্টি কাকে 'আরব কূটনৈতিক মেধা বলে অভিহিত করেছেন?
ক) খালিদ-বিন ওয়ালিদ
খ) আমর-বিন-আল-আস
গ) আবু মুসা আল আনসারি
ঘ) মুয়াবিয়া

৩২. খারেজীদের উদ্ভব হয় কীভাবে?
ক) উষ্ট্রের যুদ্ধের কারণে
খ) দুমাতুল জন্দালের কারণে
গ) হযরত আলী (রা) এর হত্যার কারণে
ঘ) হুসাইন (রা) এর হত্যার কারণে

৩৩. হযরত ওসমান (রা) এর প্রধান উপদেষ্টা কে ছিলেন?
ক) আবদুল্লাহ বিন আমির  খ) ইবনে সাবা
গ) মারওয়ান  ঘ) আবু সুফিয়ান

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:
ড. মোহাম্মদ শহীদুল্লাহ প্রথম জীবনে ইসলামের ঘোর বিরোধী ছিলেন। পরবর্তীতে তিনি মনেপ্রাণে ইসলাম ধর্ম গ্রহণ করেন। ইসলাম প্রতিষ্ঠার জন্য তিনি গুরুত্বপূর্ণ গ্রন্থ রচনা করেন এবং মৃত্যুর শেষ দিন পর্যন্ত ইসলামের অনুসারী ছিলেন।

৩৪. কোন উমাইয়া শাসকের সাথে ড. মুহম্মদ শহীদুল্লাহর মিল খুঁজে পাওয়া যায়?
ক) মুয়াবিয়া  খ) সোলায়মান
গ) মারওয়ান  ঘ) ওয়ালিদ

৩৫. উল্লিখিত শাসক যুদ্ধের মাধ্যমে জয় করেন-
i. আফ্রিকা  ii. মিসর
iii. কাবুল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:
ফিরোজ শাহ তুঘলক ক্ষমতা লাভ করার পর সকল প্রকার অন্যায় কর আদায় বন্ধ করে দেন। অবৈধ দখল করা সম্পত্তি বৈধ মালিককে ফেরত দেন এবং অনেকের উপর আরোপিত বৈধ করও মওকুফের ব্যবস্থা করেন।

৩৬. উদ্দীপকের শাসকের গৃহীত কর্মকাণ্ডের সাথে কোন উমাইয়া শাসকের কর্মকাণ্ডের সামঞ্জস্য দেখা যায়?
ক) মুয়াবিয়া  খ) আব্দুল মালিক
গ) আল ওয়ালিদ
ঘ) ওমর-বিন-আব্দুল আজিজ

৩৭. উদ্দীপকে সরকারের কর্মকাণ্ডে উক্ত খলিফার যে গুণটি প্রতিফলিত হয়েছে তা হলো-
ক) দূরদর্শিতা  খ) দক্ষতা
গ) ন্যায়পরায়ণতা  ঘ) সরলতা

৩৮. ইতিহাসের জনক কাকে বলা হয়?
ক) থিওফ্রেটাস  খ) ইউক্লিড
গ) হেরোডোটাস  ঘ) জেনোফার

৩৯. ইসলামের পঞ্চম খলিফা কাকে বলা হয়?
ক) মুয়াবিয়া  খ) আব্দুল মালিক
গ) আল ওয়ালিদ
ঘ) ওমর-বিন-আব্দুল আজিজ

৪০. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন?
i. ইউরোপ গমনের দিক নির্দেশনা এখানে ছিল বলে
ii. এখানকার জ্ঞানবিজ্ঞান ইউরোপকে আলোকিত করেছিল বলে
iii. শহরটি আলোকসজ্জায় সজ্জিত করা হয়েছিল বলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com